**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 12. 04. 2025** **Desk in Charge : SDG**

**Time : 7.35 AM** **Compiling : NBR**

**DEO : KB** **NR : NBR**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ সুপ্রীম কোর্টের রায়ে চাকরী হারাদের সঙ্গে বৈঠকের পর শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন, আইনী পরামর্শ নিয়ে যোগ্য অযোগ্যদের তালিকা প্রকাশ করা হবে।

# অন্যদিকে, এখনই তাঁরা স্বস্তি পাচ্ছেন না বলে জানিয়েছেন চাকরিহারা শিক্ষকরা।

২/ ওয়াকফ আইন বিরোধী মিছিলকে ঘিরে গতকাল দফায় দফায় সংঘর্ষের পর মুর্শিদাবাদের সুতি ও সামশেরগঞ্জের পরিস্থিতি এখন সম্পূর্ণ নিয়ন্ত্রণে বলে পশ্চিমবঙ্গ পুলিশ জানিয়েছে।

# রাজ্যপাল সিভি আনন্দ বোস বলেছেন, আন্দোলনের নামে হিংসা ছড়ানো হলে দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

৩/ বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে চৈত্র মাসের পূর্ণিমা তিথিতে রাজ্য তথা দেশ জুড়ে আজ পালিত হচ্ছে হনুমান জয়ন্তী।

৪/ রাজ্যের বিভিন্ন জেলায় আগামী চার পাঁচ দিন কালবৈশাখীর সম্ভাবনা থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

৫/ মোহনবাগান সুপার জায়ান্ট, আজ ISL–এর ফুটবলের ফাইনালে ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হবে।

*****************************************************************

সুপ্রীম কোর্টের রায়ের প্রেক্ষিতে আইনের পরামর্শ নিয়ে যোগ্য অযোগ্যদের তালিকা প্রকাশ করা হতে পারে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। বিকাশ ভবনে যোগ্য শিক্ষক ও শিক্ষা কর্মী অধিকার মঞ্চের ১৩ জনের প্রতিনিধি দলের সঙ্গে গতকাল দীর্ঘ বৈঠক করেন শিক্ষামন্ত্রী। উপস্থিত ছিলেন স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান এবং শিক্ষা দফতরের আধিকারিকরা। আড়াই ঘন্টার বেশি বৈঠক চলে। পরে এক সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী বলেন, চাকরিহারাদের দাবিগুলির সঙ্গে সরকারের কোনও মৌলিক বিরোধ নেই। কিন্তু সুপ্রিম কোর্টের নির্দেশ থাকায় আইনি পরামর্শ ছাড়া কিছু করা সম্ভব নয়। 'মিরর ইমেজ' প্রকাশেও সরকারের কোন আপত্তি নেই বলে ব্রাত্য বসু জানান।

(বাইট- ব্রাত্য বসু )

অন্যদিকে, বৈঠকে নিজেদের কথা বিস্তারিতভাবে তুলে ধরেন চাকরি হারানো শিক্ষকরা। বৈঠক শেষে বেরিয়ে প্রতিনিধিদলের আহ্বায়ক মেহবুব মন্ডল বলেন, ২২ লক্ষ পরীক্ষার্থীর OMR –এর প্রতিলিপি প্রকাশ করা হবে বলে বৈঠকে আশ্বাস দেওয়া হয়েছে। আগামী ২১ তারিখের মধ্যে যোগ্য-অযোগ্যর তালিকাও প্রকাশ্যে আনা হতে পারে।

(বাইট- শিক্ষক )

তবে এখনই স্বস্তি পাচ্ছেন না চাকরিহারারা।

একটি প্রতিবেদন- (ভিসি সুমন)

*************************

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার গতকাল শিক্ষকদের অনশন মঞ্চে গিয়ে তাঁদের সঙ্গে কথা বলেন। তিনি জানান, চাকরী হারা যোগ্য শিক্ষকদের জন্য সমাধান খুঁজে বার করতে হবে। শুধুমাত্র আশ্বাস নয়, সরকারকে কার্যকরভাবে এগিয়ে আসতে হবে বলে মন্তব্য করেন তিনি।

অন্যদিকে, এরাজ্যে মেধার কোনো জায়গা নেই বলে অভিযোগ করেছেন DYFI-এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায়। অযোগ্য প্রার্থীরা চাকরী পেয়েছেন, তা' যদি সরকার মেনে নেয়, তাহলে তাদের পাশ করানো হল, তা' নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

বিজেপি নেতা, প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়, গতকাল চাকরীহারাদের অনশন মঞ্চে গিয়ে তাঁদের পাশে থাকার আশ্বাস দেন।

************************

ওয়াকফ আইন বিরোধী মিছিলকে ঘিরে গতকাল দফায় দফায় সংঘর্ষের পর মুর্শিদাবাদের সুতি ও সামশেরগঞ্জের পরিস্থিতি এখন সম্পূর্ণ নিয়ন্ত্রণে বলে পশ্চিমবঙ্গ পুলিশ জানিয়েছে। গত রাতে এক্স হ্যান্ডেলের এক বার্তায় তারা জানায়, তৎপরতার সঙ্গে কঠোর পদক্ষেপ নিয়ে ওই এলাকায় উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করা গেছে। জাতীয় সড়কে যানবাহন চলাচল এখন স্বাভাবিক। কোনোরকম অশান্তি সৃষ্টির চেষ্টা করলে দোষীদের বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ করা হবে।

মুর্শিদাবাদ থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভিসি- মামুন )

************************

আন্দোলনের নামে হিংসা ছড়ানো অথবা আইনশৃঙ্খলা ব্যবস্থার অবনতি কখনোই বরদাস্ত করা হবে না বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস স্পষ্ট জানিয়েছেন। গতরাতে এক ভিডিও বার্তায় তিনি বলেন, আন্দোলনের নামে হিংসা ছড়ানো হলে দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। মুখ্যমন্ত্রীর সঙ্গেও তাঁর এবিষয়ে কথা হয়েছে।

( বাইট- রাজ্যপাল )

এদিকে বিজেপি, মুর্শিদাবাদে অশান্তির জন্য তোষণের রাজনীতিকে দায়ী করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে অভিযোগ করেন, তোষণের নামে এক শ্রেণীর মানুষ চরম বিশৃঙ্খলা সৃষ্টি করেছে। এই ঘটনা শুধুমাত্র প্রশাসনিক ব্যর্থতা নয় ভোট ব্যাংকের রাজনীতিতে শাসন ব্যবস্থাকে বলি দেওয়ার সামিল।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, মুর্শিদাবাদ, দুই ২৪ পরগনা, হুগলী, মালদা এবং বীরভূম জেলার বিভিন্ন থানার আওতাধীন এলাকায় ৩৫৫ ধারা জারির দাবি জানিয়েছেন।

************************

ওয়াকফ (সংশোধনী) আইন নিয়ে আলোচনা করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আগামী ১৬'ই এপ্রিল মৌলবী, ইমাম ও মোয়াজ্জেমদের সঙ্গে বৈঠকে বসবেন। নেতাজি ইনডোর স্টেডিয়ামে প্রস্তাবিত ওই বৈঠকে মুখ্যমন্ত্রী সংশোধিত ওয়াকফ আইন নিয়ে তাদের বক্তব্য শুনবেন।

*************************

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে চৈত্র মাসের পূর্ণিমা তিথিতে রাজ্য তথা দেশ জুড়ে আজ পালিত হচ্ছে হনুমান জয়ন্তী। এই উপলক্ষে মন্দিরগুলি আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে। শক্তির আরাধনায় ও অশুভ শক্তিনাশ কল্পে আয়োজন করা হয়েছে পুজোপাটের । হনুমান জয়ন্তী উপলক্ষে কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে পুলিশি ব্যবস্থা জোরদার করা হয়েছে।

এদিকে, বিজেপি, আজ সর্বসাধারণকে হনুমান জয়ন্তী পালন করতে আহ্বান জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল এক ভিডিও বার্তায় বলেন, ওয়াকফ আইনের বিরুদ্ধে চলা কর্মসূচীতে গৈরিক পতাকার অবমাননার প্রতিবাদে আজ রাজ্যের সর্বত্র গেরুয়া পতাকা লাগানো হবে।

অন্যদিকে, রেড রোডে, হনুমান জয়ন্তী পালনের জন্য হিন্দু সেবাদল সংগঠনের আবেদন, কলকাতা হাইকোর্ট খারিজ করে দিয়েছে। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ গতকাল শুনানির পর তা' খারিজ করে দেন। এই রায় চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে আবেদন জানানো হলে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি চৈতালি দাস সিঙ্গল বেঞ্চের নির্দেশ'ই বহাল রাখেন। তবে, শহীদ মিনার বা রানী রাসমণি অ্যাভেনিউতে ওই সংগঠন নিজেদের অনুষ্ঠান করতে পারবে বলে ডিভিশন বেঞ্চ জানিয়েছে।

*************************

'শিল্প সাথী' পোর্টালের মাধ্যমে আবেদন করার পর নির্ধারিত সময়ের মধ্যে শিল্প স্থাপনে আগ্রহী সংস্থাগুলির প্রয়োজনীয় ছাড়পত্র পাচ্ছে কিনা তার ওপর এবার কেন্দ্রীয়ভাবে নজরদারি চালানো হবে। মুখ্য সচিব মনোজ পন্থ নিজে ওই পোর্টালের মাধ্যমে আবেদন করার প্রক্রিয়ার উপরে নজরদারি চালাবেন। পাশাপাশি শিল্পন্নয়ন নিগমের কয়েকজন আধিকারিককেও এই কাজের দায়িত্ব দেওয়া হচ্ছে। সে কারণে ওই পোর্টালের একটি ড্যাশবোর্ড তৈরি করা হচ্ছে যেটি ব্যবহার করে ছাড়পত্র সংক্রান্ত কোন

ফাইল কোথায় আটকে আছে তা দেখা যাবে। শিল্প স্থাপনের ক্ষেত্রে অগ্নি নির্বাপন, দূষণ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য পুর এবং পঞ্চায়েতের মতো বিভিন্ন বিভাগের ছাড়পত্র এক জানালা ব্যবস্থার মাধ্যমে প্রদান করার জন্য শিল্প সাথী পোর্টালটি চালু করা হয়েছিল। ওই টোটাল থেকেই শিল্প স্থাপনে আগ্রহী ব্যক্তি অথবা সংস্থা প্রয়োজনীয় সব রকম ছাড়পত্রের জন্য আবেদন জানাতে পারে। এবার ওই পোর্টালটি আরো সক্রিয় করে তুলতে এই উদ্যোগ নেওয়া হচ্ছে।

************************

মুখ্যমন্ত্রীর ঘোষণা মত আগামী ৩০ এপ্রিল থেকে সরকারি শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে গরমের ছুটি পড়বে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত দার্জিলিং ও কালিম্পং বাদে অন্যান্য জেলার স্কুলগুলিতে এই ছুটি চলবে বলে বিদ্যালয় শিক্ষা দফতর জানিয়েছে। মধ্যশিক্ষা পর্ষদ, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের উদ্দ্যেশ্যে জারি করা এক নির্দেশিকায় বিদ্যালয় শিক্ষা দফতর একথা জানিয়েছে। বেশিদিন গরমের ছুটির কারণে পঠন-পাঠনের যে ঘাটতি হবে তা পরে স্কুল খুললে অতিরিক্ত ক্লাস করিয়ে পূরণ করতে হবে বলেও নির্দেশিকায় জানানো হয়েছে।

************************

রাজ্যের বিভিন্ন জেলায় আগামী চার পাঁচ দিন কালবৈশাখীর সম্ভাবনা থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে বলেন, বিশেষ করে আজ ও আগামীকাল দক্ষিণবঙ্গের সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত ও ঝোড়ো হাওয়া বয়ে যাবে।

( বাইট- হাবিবুর রহমান বিশ্বাস)

************************

মোহনবাগান সুপার জায়ান্ট, আজ ISL ফুটবলের ফাইনালে ব্যাঙ্গালুরু এফসি-র মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। এবারের আইএসএলে লিগ শিল্ড জয়ী মোহনবাগান, সেমিফাইনালে জামশেদপুর এফসি এবং ব্যাঙ্গালুরু এফসি, এফসি গোয়াকে হারিয়ে ফাইনালে উঠেছে। মুম্বাই এফ সি ছাড়া কোন

দলই একই মরশুমে লিগ- শিল্ড ও কাপ জিততে পারেনি। মোহনবাগানের সামনে বিরল কৃতিত্ব ডাবল করার সুযোগ। ফাইনালকে  ঘিরে ফুটবল প্রেমীদের মধ্যে ব্যাপক উন্মাদনা সৃষ্টি হয়েছে। টিকিটের চাহিদা তুঙ্গে।

************************

চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে গতরাতে IPL-এর ম্যাচে  কলকাতা নাইট রাইডার্স আট উইকেটে চেন্নাই সুপার কিংসকে হারিয়ে দিয়েছে।

জয়ের জন্য ১০৪ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে নাইট রাইডার্স ১০ ওভার এক বলে দুই উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়। সুনীল নারিন ৪৪ রান ও তিনটি উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন। প্রথমে ব্যাট করে চেন্নাই ৯ উইকেটে করেছিল ১০৩ রান।

************************************************************************